

ফ্যাক্স/ই-মেইল বার্তা

প্রতি : পম, ঢাকা
হতে : বাংলাদূত, তেহরান
নং : ১৯.০১.৯৮০১.২০০.০৭.০৫২/২২/৪৮৮
তারিখ : ১৮ ডিসেম্বর ২০২৩
বিষয় : বাংলাদেশদূতাবাস, তেহরানে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০২৩ উদযাপিত

পরিচালক (সংস্থাপন)-এর জন্য প্রথম সচিব ও দূতালয় প্রধান হতে

বাংলাদেশ দূতাবাস, তেহরানে উৎসবমুখর পরিবেশে মহান বিজয় দিবস ২০২৩ উদযাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে স্থানীয় সময় শনিবার (১৬ ডিসেম্বর) দূতাবাস প্রাঙ্গণে দু'পর্বের অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকালে মান্যবর রাষ্ট্রদূত মনজুরুল করিম খান চৌধুরী জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটি পালনের শুভ সূচনা করেন। এরপর রাষ্ট্রদূত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। পরে স্বাধীনতা যুদ্ধের অমর শহিদগণের পূণ্য স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন ও বিশেষ মোনাজাত করা হয়।

বিকালে অনুষ্ঠানের শুরুতে জাতীয় সঙ্গীতের অডিও ভিজুয়াল প্রদর্শনীর মাধ্যমে উপস্থিত সবাই গলা মেলান। এরপর পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণীসমূহ পাঠ করেন দূতাবাসের কর্মকর্তারা। অনুষ্ঠানে বিষয়ভিত্তিক ভিডিও চিত্র প্রদর্শিত হয়। শিশু-কিশোরদের অংশগ্রহণে দেশাত্মবোধক গান ও কবিতা পাঠের আয়োজন করা হয়। পরে মহান বিজয় দিবসের গুরুত্ব ও তাৎপর্যভিত্তিক এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় বক্তাগণ গভীর শ্রদ্ধায় মহান মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণ করেন এবং বাংলাদেশের অভ্যুদয়ে তাদের অবদানকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। তারা মহান মুক্তিযুদ্ধের অবিসংবাদিত নেতা হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম নিয়ে আলোচনা করেন এবং স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ গঠনে তার নেতৃত্ব ও ত্যাগের মাহাত্ম্য বর্ণনা করেন।


রাষ্ট্রদূত তার বক্তব্যে স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে শাহাদাতবরণকারী সকল শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর নেতৃত্ব ও দিকনির্দেশনায় বাংলাদেশের অধিকার বঞ্চিত মানুষ দীর্ঘ নয় মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জন করে চূড়ান্ত বিজয় এবং জন্ম হয় স্বাধীন-সার্বভৌমবাংলাদেশের। বঙ্গবন্ধুর দেখানো পথ ধরে তারই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ দৃঢ় পদক্ষেপে উন্নত-সমৃদ্ধ দেশ হওয়ার পথে এগিয়ে চলেছে। রাষ্ট্রদূত মহান বিজয় দিবসের চেতনাকে হৃদয়ে ধারণ করে সে লক্ষ্যে কাজ করার জন্য সবাইকে আহ্বান জানান।

সবশেষে দিবসটি উদযাপন উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ী শিশু-কিশোরসহ অংশগ্রহণকৃত সব শিশু-কিশোরদেকে পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানে ইরানে বসবাসরত বাংলাদেশি নাগরিকগণ, তাদের পরিবারবৃন্দ ও দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীগণ সপরিবারে উপস্থিত ছিলেন।

সংযুক্তি: অনুষ্ঠানের ছবি।

মাননীয় ও প্রিয়


(মোল্লা আহমদ কুতুবুদ দ্বীন)